

আগামীকাল, 20 জানুয়ারি, কিভারগার্টেনে ভর্তির আবেদনের শেষ দিন!

প্রিয় পরিবারবর্গ,

আগামীকাল, 20 জানুয়ারি, কিভারগার্টেনে ভর্তির আবেদনের শেষ দিন। মনে রাখবেন - আপনি এই একই আবেদনপত্রে কিভারগার্টেনের গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (G&T) প্রোগ্রামগুলোও যোগ করতে পারেন। আপনার যদি 2018 সালে জন্মগ্রহণকারী কোনও সন্তান থাকে, তাহলে ভর্তির জন্য এখনই একটি আবেদনপত্র জমা দেয়া নিশ্চিত করুন।

আপনি কি ইতোমধ্যে কিভারগার্টেনে ভর্তির জন্য আবেদন করেছেন? করে থাকলে, আপনার সবকিছু ঠিক আছে।

না করে থাকলে, আগামীকাল সময়সীমা শেষ হবার আগে তিনটি উপায়ের যে কোনো একটির মাধ্যমে আবেদন করুন:

1. **অনলাইনে মাইস্কুলস্**-এর মাধ্যমে 11:59 pm-এর মধ্যে। কিভারগার্টেন প্রোগ্রামসমূহ অনুসন্ধান করুন, আপনার সন্তানের আবেদনপত্রে সর্বোচ্চ 12টি প্রোগ্রাম যোগ করুন, এবং "Submit Application" (আবেদন জমা দিন) বাটনে ক্লিক করে আবেদন করুন—যখন আপনি কনফেটি (উড়ন্ত রঙিন কাগজ) দেখবেন, আপনি বুঝবেন যে আমরা আপনার আবেদনপত্র পেয়েছি।
2. **ফোনে** 718-935-2009 নম্বরে, 6pm-এর মধ্যে।
3. 3PM-এর মধ্যে **একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের সাথে যোগাযোগ করুন**। কীভাবে করতে হবে, তা জানতে schools.nyc.gov/FWC দেখুন।

আমরা আপনার ভাষায় কথা বলি! আপনি যদি অনলাইনে আবেদন করেন, তাহলে ইংরেজি, আরবি, বাংলা, চাইনিজ, ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ, অথবা উর্দু ভাষায় আবেদনপত্র পাওয়া যাবে। ফোনে বা সশরীরে, 200-টির বেশি ভাষায় দোভাষী পরিষেবা পাওয়া যাবে: একজন দোভাষীর জন্য অনুরোধ করতে ভুলবেন না।

আপনার কোনও প্রশ্ন থাকলে, সহায়তা দেয়ার জন্য আমরা আপনার পাশে আছি। আমাদের ফোন করুন (উপরে দেখুন) অথবা ESenrollment@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন। এছাড়াও [আমাদের ওয়েবসাইট](#) থেকে আপনি কিভারগার্টেনে ভর্তি সম্পর্কে আরও জানতে পারেন।

শুভেচ্ছান্তে,

কিভারগার্টেন অ্যাডমিশন্স টিম

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে, আমাদের কিভারগার্টেনে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। আপনি যদি আমাদের কোনো একটি অথবা সবগুলো মেইলিং লিস্ট থেকে আর কোনও ইমেইল পেতে না চান, তবে আনসাবসক্রাইব করতে অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।